চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ে সাইবার সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ের শ্রেণীকক্ষে আজ সোমবার সকাল সাড়ে এগারোটার সময় শিক্ষার্থীদের অংশগ্রহণে সাইবার সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকা দিল আরা চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোমলমতি শিক্ষার্থীদের সাইবার সচেতনতা ও বালিকা বিদ্যালয়ের নারী ক্রিকেটারদের সনদপত্র বিতরণ করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা।

প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার বলেন, একজন নারী কখনো কন্যা কখনো জায়া এবং কখনো জননী। একটি সুন্দর সমাজ বিনির্মাণে মা তথা নারীর ভূমিকা অতুলনীয়। বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীবৃন্দ যেন স্কুলে আসা যাওয়ার পথে কিংবা সামাজিক যোগাযোগ মাধ্যমে ইভটিজিং বা সাইবার বুলিং এর শিকার না হয় সেজন্য জিরো টলারেন্স নীতি গ্রহণের কথা বলেন। এ ধরনের অপরাধ সংগঠিত হলে সরাসরি পুলিশ সুপারকে বিষয়টি সম্পর্কে অবগত করার অনুরোধ করেন। এছাড়া নারী ক্রিকেটারদের মাঝে সনদপত্র বিতরণ কালে পুলিশ সুপার একজন ক্রীড়া সংগঠক এবং ক্রীড়ানুরাগী ব্যক্তিত্ব হিসেবে ক্রিকেটসহ সব ধরনের খেলাধুলায় বালিকা বিদ্যালয় এর শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ কে সাধুবাদ জানান।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ সহ অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ।